ইত্তেফাক

তারিখ 7/10/78
পৃষ্ঠা 1 কলাম 8



# সাহিত্যিক আকবর উদ্দিনের ইন্তেকাল

( ইত্তেফাক রিপোর্ট )

বিশিষ্ট সাহিত্যিক-সাংবাদিক জনাব আকবরউদ্দীন গতকাল (শুক্রবার) সন্ধ্যায় পোষ্টগ্রাজুয়েট চিকিৎসা গবেষণা হাসপাতালে ইন্তেকাল করিয়াছেন (ইন্না-লিল্লাহে……রাজেউন)। তিনি ক্যান্সারে আক্রান্ত হইয়াছিলেন। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৮৪ বছর।

আজ ( শনিবার ) সকাল ৯টায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণে তাঁহার নামাজে জানাজা অনুষ্ঠিত হইবে।

জনাব আকবরউদ্দিন ১৮৮৫ খ্রীষ্টাব্দে পশ্চিম বাংলার কৃষ্ণনগরে জন্মগ্রহণ করেন। তিনি কলিকাতা বঙ্গবাসী কলেজ হইতে কৃতিত্বের সঙ্গে বি, এ, পাস করেন। অতঃপর তিনি এম, এ, ও আইন অধ্যয়ন করেন। শিক্ষক হিসাবে তাঁহার কর্মজীবনের শুরু।

ছাত্রাবস্থায়ই তিনি সাহিত্যচর্চা শুরু করেন। বিভাগপূর্বকালেই তিনি নাট্যকার ও ঔপ-

## আকবর উদ্দিনের ইন্তেকাল

(১ম পৃঃ পর)

ন্যাসিক হিসাবে খ্যাতি লাভ করেন। একজন প্রাবন্ধিক ও অনুবাদক হিসাবেও তিনি সুপরিচিত ছিলেন। তিনি ১৯৬৪ সালে সাহিত্যের জন্য বাংলা একাডেমী পুরস্কার লাভ করেন। তিনি 'দাউদ সাহিত্য পুরস্কার'ও লাভ করেন। তাঁহার প্রকাশিত গ্রন্থাবলীর মধ্যে রহিয়াছে নাটক—'সিন্ধু বিজয়', 'নাদির শাহ,' সুলতান মাহমুদ', 'মুজাহিদ,' উপন্যাস— 'মাটির মানুষ,' 'বেড়াজাল', 'অভিনেতা', জীবনী গ্রন্থ—'পথের দিশারী', 'শহীদ লিয়াকত', 'কায়েদে আজম'। তাঁহার অনেক অনুবাদগ্রন্থও রহিয়াছে।